

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং- ২১৫-আইন/২০১৩/২৪৫৪/কাস্টমস।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত Act এর FIRST SCHEDULE এর কলাম (1) এর Heading No. 48.01 এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত নিউজপ্রিন্ট কাগজকে, সংবাদপত্র ও সাময়িকী প্রকাশকগণ কর্তৃক আমদানি করা হইলে, উহার উপর আরোপনীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ১০% এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

শর্ত

- (১) এই সুবিধা কেবলমাত্র আমদানিকৃত অনূর্ধ্ব ২৮ ইঞ্চি প্রস্থবিশিষ্ট নিউজপ্রিন্ট কাগজের ক্ষেত্রে প্রযোজ্য হইবে;
- (২) নিউজপ্রিন্ট কাগজ আমদানির পরিমাণ তথ্য মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক যৌথভাবে নির্ধারিত বাৎসরিক এনটাইটেলমেন্ট বা কোটার অনধিক হইতে হইবে; এবং
- (৩) সংবাদপত্র ও সাময়িকী প্রকাশকগণ কর্তৃক পণ্য আমদানি করা হইয়াছে এবং এক বা একাধিকবার আমদানি করা হইলেও উহা শর্ত (২) মোতাবেক নির্ধারিত বাৎসরিক এনটাইটেলমেন্ট বা কোটার অতিরিক্ত নহে এই মর্মে তথ্য মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয় এর অন্যান্য যুগ্ম সচিব পদমর্যাদাসম্পন্ন একজন করিয়া কর্মকর্তার যৌথ স্বাক্ষরিত প্রত্যয়নপত্র শুদ্ধায়নকালে শুদ্ধ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

০২। এই প্রজ্ঞাপন ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রীষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে মর্মে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ গোলাম হোসেন)

সচিব।